

বিভাগ-‘খ’

(নম্বর - ১৫)

[নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন, প্রতিটি ১৫০ শব্দের মধ্যে।]

- ২। বাংলা ভাষা ও সাহিত্য শিক্ষায় শিক্ষণ-শিখন কৌশল প্রয়োগের প্রয়োজনীয়তা ও ব্যবহার বিষয়ে আলোচনা করুন। ৫
- ৩। শিক্ষণ - শিখন সম্পদ বলতে কী বোঝেন? ভাষা শিখনে শিক্ষণ - শিখন সম্পদ তৈরীর গুরুত্ব আলোচনা করুন। ২+৩
- ৪। ভাষাক্রীড়া কী? মাতৃভাষা শিক্ষায় ব্যাকরণ ভিত্তিক ভাষাক্রীড়ার পরিকল্পনা করুন। ১+৪
- ৫। অনুকৃতি পাঠের ধারণাটি স্পষ্ট করুন। কোন একটি বিশেষ দক্ষতার উল্লেখ করে তার উপাদানগুলির গুরুত্ব উদাহরণসহ বুঝিয়ে দিন। ২+৩
- ৬। ভাষাগত দক্ষতা বিকাশে বিতর্ক ও সাহিত্যসভার গুরুত্ব আলোচনা করুন। ২+২+২

বিভাগ-‘গ’

(নম্বর - ১০)

- [নিচের প্রশ্নগুলি থেকে ৩০০ শব্দের মধ্যে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন।]
- ৭। পাঠ্যপুস্তক পুনর্বিচার ও বিশ্লেষণের প্রয়োজনীয়তা উল্লেখ করুন। বিচারের মাপকাঠি হিসেবে যে কোনো দুটি দিক নির্দিষ্ট করুন। সংশ্লিষ্ট পাঠ্যপুস্তকের উদাহরণসহ সেই শ্রেণীর পাঠ্যক্রমে তাদের অন্তর্ভুক্তির প্রাসঙ্গিকতা আলোচনা করুন। ৪+৩+৩



৮। মাধ্যমিক/উচ্চমাধ্যমিক পর্যায়ে বাংলা বিষয়ের (গদ্য/পদ্য) যে কোনো একটি একক অবলম্বনে শিক্ষণবিজ্ঞান ভিত্তিক পাঠ-বিশ্লেষণ করুন। (নিম্নলিখিত নির্দেশ অনুযায়ী)

- একক, উপএককের বিভাজন, শ্রেণী ও পিরিয়ড সংখ্যা উল্লেখ করুন।
- শিক্ষার্থীর নিম্নলিখিত কাম্য আচরণগত উদ্দেশ্য নির্দেশ করুন :
তথ্যগত স্মরণ, ধারণাগত বোধ, পদ্ধতিগত প্রয়োগ ও অধিজ্ঞানগত সৃজন
- উপএককটি পাঠদানের ক্ষেত্রে দুটি উপকরণের ব্যবহার প্রসঙ্গসহ উল্লেখ করুন।
- দুটি অনুসন্ধানী প্রশ্ন উত্তরসহ লিখুন।
- উপরে লিখিত উদ্দেশ্যের ভিত্তিতে চারটি মূল্যায়নের প্রশ্ন লিখুন।
২+২+২+২+২

